

ক্ষেতলাল উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের সাধারণ (ভার্চুয়াল) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মোস্তাকিম মন্ডল
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ক্ষেতলাল, জয়পুরহাট
সভার তারিখ : ১৫/০৭/২০২১ খ্রি.
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় জুম এ্যাপে যুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই গত মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণী সম্পর্কে কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

দপ্তরভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০২। দপ্তরভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

ক্রমিক নং	দপ্তর	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা উপজেলা পরিষদের অর্থায়নে এম্বুলেন্স এর চাকা ক্রয়সহ মেসারামত করে দেয়ার জন্য সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন। করোনা ভাইরাস মোকাবিলাসহ উপজেলার জনসাধারণকে তার বিভাগ নিয়মিত স্বাস্থ্য সেবা দিয়ে যাচ্ছেন। তবে জনবল কম থাকায় কিছুটা সমস্যা হচ্ছে। তিনি সভার মাধ্যমে উর্কতন কর্তৃপক্ষকে পর্যাপ্ত জনবল সরবরাহের জন্য অনুরোধ করেন। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	ক্ষেতলাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় সংখ্যক জনবল সরবরাহ করার জন্য উর্কতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়	উপজেলা নির্বাহী অফিসার
০২	প্রকৌশল বিভাগ	তিনি জানান যে, ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের গেটে সেন্টি গেষ্টনুমের ১৯৯০০০ টাকার প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। ২। উপজেলা পরিষদের জীপ গাড়ীর গ্যারেজ সংস্কার করণের জন্য ১০০০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। উপরোক্ত কাজগুলো পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।	উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্পগুলোর প্রাক্কলণ সভায় অনুমোদন দেয়া হয় এবং প্রকল্পগুলো জরুরী ভিত্তিতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
০৩	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে তবে ভেটেরিনারি সার্জনের পদটি শূন্য থাকায় প্রাণি স্বাস্থ্যসেবা কার্যক্রমে কিছুটা ব্যাঘাত ঘটছে।	ক্ষেতলাল প্রাণি সম্পদ বিভাগে একজন ভেটেরিনারি সার্জন প্রদানের জন্য কর্তৃপক্ষের নিকট অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৪	কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা কৃষি কর্মকর্তা
০৫	মৎস্য বিভাগ	তিনি জানান যে, তার দপ্তরের সকল কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা
০৬	পরিবার পরিকল্পনা বিভাগ	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা পঃ পঃ কর্মকর্তা
০৭	প্রাথমিক শিক্ষা বিভাগ	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা শিক্ষা অফিসার
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৯	উপজেলা	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের	উপজেলা

০৯	উপজেলা সমাজসেবা অফিস	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা সমাজসেবা অফিসার
১০	মহিলা বিষয়ক দপ্তর	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	উপজেলা প্রঃবাস্তবায়ন অফিস	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
১২	খাদ্য বিভাগ	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১৩	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোথাও কোন সমস্যা নেই।	বিভাগীয় কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার
১৪	জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোথাও কোন সমস্যা নেই।	বিভাগীয় কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য তাকে অনুরোধ করা হয়	উপ-সহকারী প্রকৌশলী
১৫	উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে কোথাও কোন সমস্যা নেই মর্মে সভায় জানান	বিভাগীয় কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার
১৬	উপজেলা পল্লী উঃ বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে	বিভাগীয় কাজে আরও গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৭	উপজেলা বিডিবিএফ ফাউন্ডেশন	সভায় উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোথাও কোন সমস্যা নেই।	বিভাগীয় কাজে গতিশীলতা বৃদ্ধির জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট কর্মকর্তা
১৮	সামাজিক বন বিভাগ	তিনি জানান যে, তার অফিস ভবন খুবই জরাজীর্ণ ফলে দাপ্তরিক কাজ পরিচালনা করতে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তিনি উপজেলা পরিষদ হতে তার অফিস ভবনটি সংস্কার করে দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোথাও কোন সমস্যা নেই।	উপজেলা প্রকৌশলীকে বনবিভাগের অফিস সংস্কারের জন্য প্রাঙ্গল প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপন করার অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী
১৯	আনসার ও ভিডিপি	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	আনসার ভিডিপি অফিসার
২০	উপজেলা নির্বাচন অফিস	তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কাজে গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়	উপজেলা নির্বাচন অফিসার
২১	চেয়ারম্যান, মামুদপুর ইউপি	তিনি জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হয়েছে। কোথাও কোন সমস্যা নেই।	সকল কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য তাকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
২২	চেয়ারম্যান, বড়াইল ইউপি	চেয়ারম্যান, বড়াইল ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়ন পরিষদের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন হয়েছে। কোথাও কোন সমস্যা নেই।	সকল কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য তাকে অনুরোধ করা হয়।	চেয়ারম্যান বড়াইল ইউপি
২৩	চেয়ারম্যান তুলশীগঞ্জা ইউপি	তিনি জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হয়েছে। কোথাও কোন সমস্যা নেই।	জনস্বার্থে চেয়ারম্যান, মামুদপুর ইউপির সংশোধনী প্রস্তাবটি সর্বস্মতিক্রমে অনুমোদন দেয়া হল	উপজেলা প্রকৌশলী
২৪	চেয়ারম্যান আলমপুর ইউপি	তিনি জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হয়েছে। কোথাও কোন সমস্যা নেই।	জনস্বার্থে চেয়ারম্যান, মামুদপুর ইউপির সংশোধনী প্রস্তাবটি সর্বস্মতিক্রমে অনুমোদন দেয়া হল	উপজেলা প্রকৌশলী
২৫	চেয়ারম্যান বড়তারা ইউপি	তিনি জানান যে, তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হয়েছে। কোথাও কোন সমস্যা নেই।	সকল কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী
২৬	মেয়র,	মেয়র, ক্ষেতলাল পৌরসভা জানান যে, তার পৌরসভার	দাপ্তরিক কার্যক্রমের এ ধারা অব্যাহত	মেয়র

	ক্ষেতলাল পৌরসভা	কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোথাও কোন সমস্যা নেই।	রাখার জন্য মেয়র, ক্ষেতলাল পৌরসভাকে অনুরোধ করা হয়।	ক্ষেতলাল পৌরসভা
২৭	কর্মচারী, আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল সংক্রান্ত	সভায় নিম্নবর্ণিত ব্যয়-বিল পর্যালোচনা করা হয়ঃ ক) উপজেলা পরিষদে নিয়োজিত ০২ জন অফিস সহায়ক ও ০১ জন মালীর ও ০১জন সুইপারের জুন/২১ মাসের মজুরি বাবদ প্রতিদিন ৫৫০/- টাকা হারে জনপ্রতি ১৬৫০০/- টাকা হারে ০৪ জনের মোট- ৬৬০০০/- টাকা খ) জুন/২১ মাসে আপ্যায়ন ব্যয় বাবদ ৩৮,০০০/- টাকার বিল। গ) জুন/২১ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকার বিল। ঘ) উপজেলা পরিষদের বসুন্ধারা আবাসিক ভবনের ঘ ইউনিট টুকিটাকি সংস্কার-২৫০০০/- ঙ) বসুন্ধারা ভবনের কাঠের দরজা স্থাপন-২৫০০০/-	উপস্থাপিত সকল বিল পর্যালোচনান্তে সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে খাতভিত্তিক ব্যয়ান্তর অনুমোদন করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৮	বিবিধ	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বিধি অনুযায়ী উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন তহবিলে স্থানান্তর করতে হবে। সেমতে ২০২১-২২ অর্থ বছরের প্রথম ০৩(তিন) মাসের ব্যয় নির্বাহের জন্য অর্থ সংরক্ষিত রেখে গত ২০২০-২১ অর্থ বছরের রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ থেকে ২০,০০০০০/- (বিশ লক্ষ) টাকা উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন তহবিলে স্থানান্তরের জন্য সভায় হিসেব উপস্থাপন করেন।	উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ থেকে ২০,০০০০০/- (বিশ লক্ষ) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তরের সিদ্ধান্ত গৃহিত হয় এবং উক্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার

০৩। উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা বার্ষিক উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত রাজস্ব) হতে বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রকল্প তালিকা জমা দিয়েছেন। জনস্বার্থে প্রকল্পগুলো বাস্তবায়ন করা দরকার- তিনি নিয়ে অনুমোদনের জন্য প্রকল্পগুলো উপস্থাপন করেন।

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত অর্থ	বাস্তবায়নের ধরণ	মন্তব্য
০১	বড়তারা ইউপির নাজিরপাড়া গ্রামের মোজাহারের বাড়ীর নিকট হতে প্রাথমিক বিদ্যালয় গামী রাস্তা আরসিসি ঢালায়	২০০০০০/-	টেন্ডার	
০২	তুলশীগঞ্জা ইউপির ইকরগাড়া কমিউনিটি ক্লিনিক হতে মোজাষ্করের বাড়ী অভিমুখী রাস্তা আরসিসি ঢালাই	১৫০০০০/-	টেন্ডার	
০৩	ক্ষেতলাল পাইলট বালিকা উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ সংলগ্ন পুকুরে প্যালাসাইডিং নির্মাণ	২০০০০০/-	পিআইসি	
০৪	হিন্দা সিমুলতলী আশ্রয়ন-২ প্রকল্প সংলগ্ন পুকুরে প্যালাসাইডিং নির্মাণ	৬০০০০/-	পিআইসি	
০৫	বটতলী-ক্ষেতলাল-ইটাখোলা-আক্কেলপুর রাস্তার সাথে সংযোগসড়কগুলোর সংযোগস্থল সমান্তরাল করণ	৩০০০০০/-	টেন্ডার	
০৬	বড়াইল ইউপির বড়াইল গ্রামের নজরুলের বাড়ী হতে মোয়াষ্করের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং	১৫০০০০/-	টেন্ডার	
০৭	মামুদপুর ইউপির জয়সিংগা রাস্তার পাশে প্যালাসাইডিং নির্মাণ	১৫০০০০/-	টেন্ডার	
০৮	আলমপুর ইউপির দৌলভৈপুর দিলীপের পুকুরপাড় থেকে প্রভাসের বাড়ী অভিমুখী রাস্তা সিংগেল সলিং করণ	২০০০০০/-	টেন্ডার	
০৯	বড়াইল ইউনিয়নের বাখেড়া কোমলগাড়া মুমিনের বাড়ী থেকে মইন ফকিরের বাড়ী পর্যন্ত ডেন নির্মাণ	২০০০০০/-	পিআইসি	
১০	আছরাঙ্গা দিঘীর রেষ্ট হাউজের সামনের অংশে ইট সলিং করণ	৬০০০০/-	পিআইসি	
১১	বড়াইল ইউনিয়নের জিয়ার বাড়ীর সামনে ডাঙ্গা ব্রীজ সংস্কার	২০০০০০/-	টেন্ডার	
১২	ছোটতারা মৌজার ৯৮০ ও ৯৮১ দাগের খাস পুকুরের পাশে প্যালাসাইডিং নির্মাণ	৭০০০০/-	পিআইসি	
১৩	তুলশীগঞ্জা ইউপির পুটমারি হাফেজিয়া মাদ্রাসা সংলগ্ন পুকুরে প্যালাসাইডিং নির্মাণ	৬০০০০/-	টেন্ডার	

সিদ্ধান্তঃ উপরোক্ত প্রকল্পগুলো জনস্বার্থে বাস্তবায়নের জন্য অনুমোদন দেয়া হয় এবং উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত রাজস্ব) হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(Handwritten signature)

(Handwritten signature)

০৪। উপজেলা প্রকৌশলী বলেন যে নতুন কমপ্লেক্স ভবনে তার কক্ষে প্রয়োজনীয় আসবাব পত্র নেই। এতে দাপ্তরিক কাজ পরিচালনায় বিঘ্ন ঘটছে। এছাড়া কাজের পরিবেশ সৃষ্টির লক্ষ্যে কক্ষটিতে কিছু সংস্কার করা দরকার। তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তার কক্ষটি আসবাব পত্র ও সংস্কারের ব্যয় নির্বাহের জন্য সভায় অনুরোধ করেন।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলীর কক্ষ সংস্কার বাবদ ২০০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্প আকারে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে কাজটি সম্পন্ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৪। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের কয়েকটি কক্ষ এন্ট্রিরিয়র ডিজাইন ও কনফারেন্স রুমে ফার্নিচার ক্রয়ের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে ৩০/০৬/২০২১ তারিখের ৪৮৫ নং স্মারক পত্র মারফত প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। যা নিয়ে উল্লেখ করা হল-

১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কক্ষ ডেকোরেশন	-	৪২৬৫২১/-
২। উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ ও অফিস কক্ষ ডেকোরেশন	-	৪২৬৫২১/-
৩। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের কক্ষ ডেকোরেশন	-	৩২০১১৬/-
৪। উপজেলা পরিষদের কনফারেন্স কক্ষ ডেকোরেশন	-	৬৭৮১৯৮/-
৫। উপজেলা পরিষদের কনফারেন্স কক্ষে আসবাবপত্র ক্রয়	-	২,৮২,৩৮৫/-
৬। উপজেলা পরিষদের অডিটরিয়াম (হলরুম) এর আসবাবপত্র ক্রয়	-	৫৯৬,৯১৭/-

এতদ বিষয়ে সভাপতি সভায় বলেন যে, উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ইতোমধ্যেই ব্যবহৃত হচ্ছে। ডেকোরেশন কাজ শুরু হলে অফিসের কার্যক্রম পরিচালনা করতে বিঘ্ন ঘটবে। এছাড়া ক্ষেতলাল উপজেলা পরিষদে জায়গার সংকট থাকায় বিকল্প জায়গায় অফিস করা সম্ভব না। তাই জরুরী ভিত্তিতে দ্রুততম সময়ে উক্ত তিনটি প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী বলেন যে, সেক্ষেত্রে এই ০৩(তিন)টি প্রকল্প ১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কক্ষ ডেকোরে ২) উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ ও অফিস কক্ষ ডেকোরেশন ৩) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের কক্ষ ডেকোরেশন কাজগুলো কোর্টেশন পদ্ধতিতে দ্রুত বাস্তবায়ন করা যেতে পারে। অন্যান্য ০৩(তিন)টি প্রকল্প এর কাজ সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ সার্বিক বিবেচনায় জরুরী ভিত্তিতে দ্রুততম সময়ে উক্ত তিনটি প্রকল্প বাস্তবায়ন করা ০৩(তিন)টি প্রকল্প যথাক্রমে ১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কক্ষ ডেকোরে ২) উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ ও অফিস কক্ষ ডেকোরেশন ৩) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের কক্ষ ডেকোরেশন কাজগুলো কোর্টেশন পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং অন্যান্য ০৩(তিন) টি প্রকল্প এর কাজ সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে দ্রুত কাজ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

০৫। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, বর্তমান আবহাওয়া অত্যন্ত প্রখর তাপমাত্রা অনেক বেশি ফলে অফিসে দাপ্তরিক কাজকর্ম পরিচালনা করা অত্যন্ত কষ্ট সাধ্য হয়ে পড়েছে। ফলে উপজেলা পরিষদ এর নতুন কমপ্লেক্স ভবনের চেয়ারম্যান কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ ভাইস চেয়ারম্যানের কক্ষ ও অফিস কক্ষে শীতাতপ যন্ত্র স্থাপন করা জরুরী। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভাপতি কর্তৃক প্রস্তাবিত কক্ষগুলোতে দাপ্তরিক কর্মকান্ড পরিচালনার স্বার্থে জরুরী ভিত্তিতে শীতাতপ যন্ত্র স্থাপনের সিদ্ধান্ত হয় এবং ৬০০০০০/- (ছয় লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে আরএফকিউ পদ্ধতিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের ভবন ও ক্যাম্পাসের নিরাপত্তার জন্য ক্রোজসার্কিট ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। হেতু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অত্র উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও ক্যাম্পাসে ক্রোজ সার্কিট ক্যামেরা স্থাপন প্রকল্প গ্রহণ করা আবশ্যিক।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও উপজেলা ক্যাম্পাসে ক্রোজ সার্কিট ক্যামেরা স্থাপন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০০০০০/- (দুই লক্ষ) টাকার একটি প্রকল্প সর্বসম্মতিক্রমে গ্রহণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যা প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হবে বলে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, ক্ষেতলাল সভায় বলেন যে, চেয়ারম্যানের বাসভবনের ০২টি ওয়াশরুম খুবই জরাজীর্ণ হয়ে পড়েছে। সে কারনে উক্ত ওয়াশরুম দুটি সংস্কার করা অত্যন্ত জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ চেয়ারম্যান উপজেলা পরিষদ এর বাসভবনের ওয়াশরুম সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাকল্প প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকিম মন্ডল)

সভাপতি

উপজেলা পরিষদ কমিটি ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট
<http://khetlal.joypurhat.gov.bd>

নং-০৫.৪৩.৩৮৬১.০০০.০৪.০২৫.১৯- ১০০

তারিখঃ ২০১৯/০২/২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। মাননীয় হইপ ও জাতীয় সংসদ সদস্য, ৩৫ জয়পুরহাট-২ এবং উপদেষ্টা, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০২। জেলা প্রশাসক, জয়পুরহাট
- ০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৬। মেয়র, ক্ষেতলাল পৌরসভা
- ০৭। চেয়ারম্যান, তুলশীগাশা/বড়তারা/বড়াইল/আলমপুর/মামুদপুর ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৮। জনাব মোছাঃ মোসলেমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ০৯। জনাব মোছাঃ নুরবানু খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১০। উপজেলা..... অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট
- ১১। সভাপতি/সম্পাদক.....
- ১২। জনাব.....
- ১৩। অফিস কপি


(এ এফ এম আবু সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
ক্ষেতলাল, জয়পুরহাট